# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৭৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّنِ (بَاب مَنَاقِب عُثْمَان)

---

আরবী

وَعَنْ أَبِي سَهْلَةَ قَالَ: قَالَ لِي عُثْمَانُ يَوْمَ الدَّارِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ عَهِدَ إِلَيَّ عَهْدًا وَأَنَا صَابِرٌ عَلَيْهِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

صحيح ، رواه الترمذى (3711) ـ
(صَحِيح)

বাংলা

৬০৭৯-[১১] আবূ সাহলাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, উসমান (রাঃ) যে সময় গৃহবন্দি অবস্থায় ছিলেন, তখন তিনি আমাকে বলেছেন, আমার প্রতি রাসূলুল্লাহ (সা.) একটি বিশেষ ওয়াসিয়্যাত করেছেন, অতএব আমি উক্ত ওয়াসিয়্যাতের উপর ধৈর্যধারণ করব। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি হাসান, সহীহ]

ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ১১৩, সহীহ ইবনু হিব্বান ৬৯১৮, তিরমিযী ৩৭১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَدْ عَهِدَ إِلَيَّ عَهْدًا)তিরমিযী ব্যাখ্যায় বলেন, 'উসমান (রাঃ) বলেন, আমাকে উপদেশ দেন আমি যেন পদত্যাগ না করি।

সে উপদেশটি ছিল (وَإِنْ أَرَادُوكَ عَلَى خَلْعِهِ فَلَا تَخْلَعْهُ لَهُمْ)অর্থ যদি তারা তোমার ক্ষমতা কেড়ে নিতে চায় তাহলে তুমি পদত্যাগ করবে না।

(فَأَنَا صَابِرٌ عَلَيْهِ)আমি উক্ত অঙ্গীকারের উপর ধৈর্যধারণ করছি। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৯/৩৭২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সাহলাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন